The Bangladesh Observer

তারিখ 12 JAN 2003 পৃষ্ঠা ২ কলাম ৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৩

সং নং ঃ ১৩/১-১(নটিংহাম, বিশ্ববিদ্যালয়)/২০০২/০১

তারিখ ঃ ০২/০১/২০০৩

# বিষয় ঃ নটিংহাম বিশ্ববিদ্যালয় বৃত্তি-২০০৩

যুক্তরাজ্যের নটিংহাম বিশ্ববিদ্যালয়ের "Developing Solution Programme" এর অধীন নটিংহাম বিশ্ববিদ্যালয় বৃত্তি ২০০৩-এর জন্য বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| | বৃত্তির নাম ও সংখ্যা | অধ্যয়নের পর্যায় | বৃত্তির বিষয় |
|---|---|---|---|
| (ক) | নটিংহাম বিশ্ববিদ্যালয় বৃত্তি ২০০৩ বৃত্তির সংখ্যা- ৮টি | পোষ্ট-গ্র্যাজুয়েট (মাষ্টার্স/রিসার্চ ছাত্রী) | Environment, Food, Medical and health Science and Engineering Technology. |

২। আবেদনপত্রের ছক নিম্নরূপ হবে :

নটিংহাম বিশ্ববিদ্যালয় বৃত্তি-২০০৩
প্রার্থীত কোর্সের নাম ঃ

(ক) প্রার্থীর নাম
(খ) পিতার নাম
(গ) বর্তমান ঠিকানা (টেলিফোন নম্বর)
(ঘ) স্থায়ী ঠিকানা
(ঙ) জন্ম তারিখ
(চ) বয়স
(ছ) পরীক্ষা পাসের বিবরণ

| এসএসসি সমমানের পরীক্ষাসহ উচ্চতর সকল পরীক্ষার বিবরণ উল্লেখ থাকতে হবে। | | | | |
|---|---|---|---|---|
| পরীক্ষা নাম | বোর্ড/বিশ্ববিদ্যালয় পাসের সন | প্রাপ্ত বিভাগ/শ্রেণী | প্রাপ্ত মোট নম্বর | শতকরা হার |
| | | | | |
| | | | | |
| | | | | |

আবেদনকারীর স্বাক্ষর

৩। কোন প্রার্থী একটি মাত্র বিষয়ের জন্য আবেদন করতে পারবেন।

৪। মানবিক/বাণিজ্য/বিজ্ঞান সকল বিভাগের প্রার্থীর ক্ষেত্রেই এসএসসি হতে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় প্রথম বিভাগ/শ্রেণী থাকতে হবে। ৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রীধারী (ইঞ্জিনিয়ারিং, কৃষি) ইত্যাদি প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি হতে স্নাতক পর্যন্ত সকল পরীক্ষায় প্রথম শ্রেণীর ডিগ্রী এবং মেডিসিন বিষয়ের জন্য সকল পরীক্ষায় প্রথম বিভাগসহ এমবিবিএস পরীক্ষায় সকল পার্টে ৬০% নম্বর থাকতে হবে।

৫। আগামী ৩০/০১/২০০৩, তারিখের মধ্যে নির্ধারিত ছকে ইংরেজীতে আবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ডাকযোগে অথবা ব্যক্তিগতভাবে প্রেরণ করতে হবে। দরখাস্তের খামের উপর বৃত্তির নাম ও অধ্যয়নের পর্যায় উল্লেখ করতে হবে। দরখাস্তের সংগে সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও মার্কশীট-এর বোর্ড কর্তৃক যাচাইকৃত সত্যায়িত কপি ও ১ কপি পাসপোর্ট আকারের ছবি সত্যায়িত করে প্রেরণ করতে হবে।

৬। যে সকল প্রার্থী কোন পরীক্ষায় নম্বরের পরিবর্তে গ্রেড পেয়েছেন, তাদের ক্ষেত্রে গ্রেডকে নম্বরে রূপান্তর করে দিতে হবে এবং এর স্বপক্ষে ভিন্ন কাগজে ক্যালকুলেশন দেখাতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এতদসংক্রান্ত প্রত্যয়নের সত্যায়িত কপি দাখিল করতে হবে। অন্যথায় উহা বিবেচনায় আনা হবে না।

৭। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

(গুলনার নাজমুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ভবন নং-৬, রুম নং-১৭০৬
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোন ঃ ৮৬১৫০৩২।

ডিএফপি-২০০-৫/১/০৩
GD-1661 [illegible]